শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

# কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
Email: krlpbs@yahoo.com
Web: www.pbs.kurigram.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৪৯৫২.৫৫০.০১.০৩৮.২৪. ১৫৭৭

তারিখঃ ০৩ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে "ডট ম্যাট্রিক্স প্রিন্টার হেড (Original)" সরবরাহের নিমিত্তে দরপত্র বিজ্ঞপ্তি।**

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় বাপবিবোর্ড-এর স্পেসিফিকেশন ও নিম্নোক্ত বিবরণ অনুযায়ী **"ডট ম্যাট্রিক্স প্রিন্টার হেড (Original)"** সরবরাহের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী/আমদানিকারক প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার-হেড প্যাডে সীল গালা যুক্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্র: নং | হেড এর বিবরণ ও স্পেসিফিকেশন | পরিমাণ | একক উদ্ধৃত দর (টাকা) | মোট উদ্ধৃত দর (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | Dot Matrix Printer Head (Original) for EPSON LQ-2190 Dot Matrix Printer. Country: Made in Japan (Original Product of Epson). Printer head life: Approx. 400 million strokes/ wire. **** প্রতিটি হেড এ Valid QR Code এবং Valid Finger Print থাকতে হবে **** | ১৫ টি | | |
| | | | **সর্বমোট** | |

**মোট দর কথায়ঃ** ..............................................................................................................

**দরপত্র দাখিল/খোলার তারিখ, সময় ও স্থানঃ**

| | | |
|---|---|---|
| ০১। | দরপত্র দাখিলের তারিখ, সর্বশেষ সময় ও স্থান | **তারিখ: ২২/০৪/২০২৪খ্রি: রোজ সোমবার বেলা ১১.৩০ ঘটিকা।**<br>(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা -১২২৯ এবং<br>(খ) কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম। |
| ০২। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | **তারিখ: ২২/০৪/২০২৪খ্রি: রোজ সোমবার বেলা ১১.৩৫ ঘটিকায়।**<br>(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা -১২২৯ এবং<br>(খ) কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।<br>দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। |

**শর্তাবলীঃ**

০১। দরপত্রে উদ্ধৃতএকক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার করা যাবেনা। কোটেশনে একক দর ও মোট উদ্ধৃতদরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।

০২। খামের উপর **"ডট ম্যাট্রিক্স প্রিন্টার হেড (Original) সরবরাহের দরপত্র"** কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৩। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড / ই-ট্রেড লাইসেন্স সনদ (Valid QR Code যুক্ত), ভ্যাট রেজিস্ট্রেশন সনদ (Valid QR Code যুক্ত), আয়কর সনদ (Valid QR Code যুক্ত), ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত দরপত্রে Epson Dot Printer Head এর বিষয়ে ম্যানুফ্যাকচারার এর অথোরাইজেশন লেটার/ ডিলারশীপ/ ডিস্টিবিউটর/ রিসেলার হিসেবে সনদপত্র দাখিল করতে হবে।



Farha

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
Email: krlpbs@yahoo.com
Web: www.pbs.kurigram.gov.bd

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

০৫। প্রাপ্ত দরপত্র সমূহ যথাযথভাবে মূল্যায়নের পর সর্বতোভাবে গ্রহনযোগ্য দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের মাধ্যমে দরপত্রে বর্নিত সমুদয় ডট প্রিন্টার হেড সংগ্রহ করা হবে। কার্যাদেশ প্রদানের সময় ডট প্রিন্টার হেড এর পরিমাণ কম/বেশী হতে পারে।

০৬। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে পবিস সদর দপ্তরে চালান এবং বিলসহ ডট প্রিন্টার হেড সরবরাহ করতে হবে।

০৭। **প্রতিটি হেড এ Valid QR Code এবং Finger Print থাকতে হবে। QR Code এবং Finger Print যাচাই করে হেড সমূহ গ্রহন করা হবে। অন্যথায় হেড সমুহ গ্রহন করা হবে না।**

০৮। ডট প্রিন্টার হেড সরবরাহের পর পবিস কর্তৃক গঠিত কমিটি হেড যাচাই পূর্বক সন্তোষজনক রিপোর্ট প্রদানের পর হেড গ্রহণ করা হবে।

০৯। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সন্তোষজনকভাবে কার্য্য সম্পাদনের পর বিল দাখিল সাপেক্ষে কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১০। সন্তোষজনকভাবে হেড সরবরাহের পর বিল উপস্থাপন সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্টপেয়ী চেকের মূল্য পরিশোধ করা হবে। **তবে নিরাপত্তা জামানত হিসেবে ১০% হারে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল হতে কর্তন করা হবে, যা কার্য্য সমাপ্ত হওয়ার ০৬ (ছয়) মাস পর সরবরাহকৃত মালামালের কোন সমস্যা না থাকলে আবেদনের প্রেক্ষিতে ফেরৎ প্রদান করা হবে।**

১১। নির্দিষ্ট তারিখের মধ্যে ডট প্রিন্টার হেড সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তন যোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১২। দরপত্রে বর্নিত স্পেসিফিকেশন সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে বর্নিত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৩। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ ইস্যুর ০৭ (সাত) দিনের মধ্যে ডট প্রিন্টার হেড সরবরাহ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৪। **ডট প্রিন্টার হেড সরবরাহের পর ০৬ (ছয়) মাস পূর্ন ওয়ারেন্টি প্রদান করতে হবে। পূর্ন ওয়ারেন্টি কালের মধ্যে মালামাল সমূহ কোন সমস্যা দেখা দিলে তা নিজ খরচে পরিবর্তন করে দিতে হবে।**

১৫। দরপত্রে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন / সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২৮/৪/২৪

(মোঃ মহিতুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতিসহ নোটিশ বোর্ডের মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহঃ

০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম/লালমনিরহাট।
০২। পুলিশ সুপার, কুড়িগ্রাম/লালমনিরহাট।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম/লালমনিরহাট।
০৬। নির্বাহী প্রকৌশলী(এসওডি), বাপবিবো, কুড়িগ্রাম।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................................১/২/৩/৪।
০৮। ডিজিএম, (নাগেশ্বরী/উলিপুর/লালমনিরহাট/ভূরুঙ্গামারী/আদিতমারী/চিলমারী/ফুলবাড়ী), জোনাল অফিস/(কারিগরী-সদর)।
০৯। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/আইটি/এইচআর), কুড়ি-লাল পবিস।
১০। মেসার্স .........................................................।
১১। নোটিশ বোর্ড, কুড়ি-লাল পবিস।
১২। ওয়েব সাইট www.pbs.kurigram.gov.bd
১৩। অফিস/ মাষ্টার/ বিল কপি।

২৮/৪/২৪

(মোঃ মহিতুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

Farha